

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-১/পরিপত্র নং-০৮/২০১৪

তারিখঃ ১৮-১১-২০১৪

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদের হার পুনঃনির্ধারণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৪-০৫-২০১৪ তারিখের জারিকৃত ডিএমডি-২/হিসাব-১/পরিপত্র নং-০২/২০১৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পরিপত্রে ০১-০৭-২০১৩ তারিখ হতে বিকেবি সাধারণ হিসাবে নিম্নবর্ণিত হারে সুদারোপ করার নির্দেশনা প্রদান করা হয়েছিলঃ

- ক) প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদের হার -৮.০০%  
খ) প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার - ৯.০০%

০২। কম সুদবাহী আমানত সংগ্রহে অধিকতর মনোযোগী হওয়া, তহবিল চাহিদা পূরণে প্রধান কার্যালয়ের উপর নির্ভরশীলতা হ্রাস এবং উদ্ধৃত তহবিল প্রধান কার্যালয়ে প্রেরণে শাখাসমূহকে উৎসাহ প্রদান বিবেচনাপূর্বক ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিকেবি সাধারণ হিসাব (আন্তঃশাখা লেনদেন) এর সুদের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত প্রদান করেন, যা ০১-০৭-২০১৪ তারিখ হতে কার্যকর হবেঃ

- ক) প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদের হার -৮.০০%  
খ) প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার - ৮.৫০%

শাখাসমূহ আয়-ব্যয় হিসাব প্রস্তুতের সময় “ বিকেবি সাধারণ হিসাব” হতে প্রাপ্ত/প্রদত্ত নীট সুদ উপরোক্ত হারে হিসাবায়ন করে যথারীতি নীট লাভ-ক্ষতি নির্ধারণ করবে।

০৩। বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

  
(মোঃ নজরুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০১৪-২০১৫/৮৫৪(১২৫০)

তারিখঃ এ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :**

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।  
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।  
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।  
০৪। ষ্টাফ অফিসার, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।  
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।  
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, টিআই, বিকেবি, প্রকা, ঢাকা।  
০৭। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।  
০৮। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
১০। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।  
১১। নথি/মহানথি।

  
(কাজী শাহ আলম)  
সহকারী মহাব্যবস্থাপক